জুলাই-সেপ্টেম্বর ২০২৩ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা




## জাতীয় শোকদিবস ২০২৩ উদযাপন

## ‘কোম্পানি ডে ২০২৩’ উদযাপন



NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

## উপদেষ্টামন্ডলী

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

## প্রকাশক

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

## সম্পাদক

বিমল চন্দ্র রায়
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

## সমন্বয়ক

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

## সহকারী সম্পাদক

**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


# এনডব্লিউপিজিসিএল বার্তা


নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**জুলাই-সেপ্টেম্বর ২০২৩ সংখ্যা**


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২২-২০২৪ অর্থবছরের ১ম সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে ইউরোপে চলমান যুদ্ধ বর্তমান বিশ্ব অর্থনীতির জন্য এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। যুদ্ধের প্রভাবে বৈশ্বিক বাজারে জ্বালানি সংকট বাংলাদেশকেও প্রভাবিত করেছে। তবে আশার সংবাদ হচ্ছে, জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায়
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য




**প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল**

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ১ম সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। এ সংখ্যায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী উপলক্ষে অত্র কোম্পানির শ্রদ্ধা নিবেদনের সচিত্র প্রতিবেদন রয়েছে। শোক দিবস উপলক্ষ্যে আমরা মানবিক দৃষ্টিকোণ থেকে আমাদের নিজস্ব উদ্যোগে পরিচালিত সিএসআর কার্যক্রমের তথ্যও এতে রয়েছে। এছাড়া কোম্পানির ১৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আমরা স্বল্প পরিসরে 'কোম্পানি ডে' উদযাপন করেছি যা কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে উদ্দীপনা ও কোম্পানির প্রতি নিষ্ঠা বৃদ্ধি করবে বলেই আমার বিশ্বাস।

উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভাণ্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি। পাশাপাশি, এ প্রকাশনা থেকে স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতি যে আমাদের দৃঢ় প্রত্যয় তা প্রকাশ পাবে। আমরা প্রতিনিয়ত এ প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় আমাদের প্রচেষ্টার বিষয়েও সাধারণ জনগণ এর থেকে জানতে পারবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র


## কোম্পানি সংক্রান্ত তথ্য

কোম্পানি পরিচিতি ৬

এক নজরে কোম্পানির কার্যক্রম ৭

## পরিদর্শন সংবাদ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন ৮

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্যগণের ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন ৯

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শন ১০

## শুভেচ্ছা ও সম্বর্ধনা

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে শুভেচ্ছা জ্ঞাপন ১১

প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তাকে পরিচালনা পর্ষদের পক্ষ হতে ধন্যবাদজ্ঞাপন পত্র সম্বলিত ক্রেস্ট হস্তান্তর ১১

নবনিযুক্ত নির্বাহী পরিচালক অর্থ মহোদয়কে শুভেচ্ছাজ্ঞাপন ১১

## সিএসআর কার্যক্রম

এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে জাতীয় শোকদিবস ২০২৩ উপলক্ষে সিএসআর কার্যক্রম উদযাপন ১২

## বিদ্যুৎ কেন্দ্র সংক্রান্ত তথ্য

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট ১) পরিচালন ও সংরক্ষণ ১৫

মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ কার্যক্রম ১৮

## অন্যান্য কর্পোরেট তথ্য

'কোম্পানি ডে ২০২৩' উদযাপন ২১

তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন ২২

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩০৬৩.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। বর্তমানে কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের নেট উৎপাদন ক্ষমতা ৩৫০৬.৫৫ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের সম্ভাব্য নেট উৎপাদন ক্ষমতা ২৯৩০.৩২ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী কাজী আবসার উদ্দীন আহমেদ। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ** মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩.১৩ মেঃওঃ** | |


## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | ১ম ইউনিট: অক্টোবর ২০২৫<br>৪র্থ ইউনিট: এপ্রিল ২০২৬ |
| ২. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: অক্টোবর ২০২৩<br>২য় ইউনিট: এপ্রিল ২০২৩ |
| ৩. | পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৪.৫৫ | ডিসেম্বর, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৮ | ডিসেম্বর, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | -- | ৫০ | ডিসেম্বর, ২০২৪ |
| ৬. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) | এলএনজি | ১২০০ | জুন, ২০২৬ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫০৬.৬৬ মেঃওঃ** | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০২৮ |
| ২. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০৩০ |
| ৩. | ভবিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি) | সোলার/উইন্ড | ৫৩০.৩২ | পরিকল্পনাধীন |
| | | **মোট ক্ষমতা** | **২৯৩০.৩২** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



## বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী, বীর বিক্রম, গত ০৩/০৮/২০২৩ ইং তারিখ ঈশ্বরদী, পাবনা হয়ে পদ্মা ৪০০ কেভি রিভার ক্রসিং সঞ্চালন লাইন পরিদর্শন কাজে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল)-এর আওতাধীন ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন।

তাঁর উক্ত পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী; চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়; ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি ও মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব সহ এনডব্লিউপিজিসিএল-এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।





# বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্যগণের ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

একাদশ জাতীয় সংসদের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ওয়াসিকা আয়শা খান এমপির নেতৃত্বে স্থায়ী কমিটির অন্যান্য সদস্য ও মাননীয় সংসদ সদস্যগণ গত ২৮-০৮-২০২৩ খ্রি. নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন ও বিদ্যুৎ কেন্দ্রের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে একটি সৌজন্য সভায় অংশগ্রহন করেন।





## ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শন

গত ২৫ জুলাই ২০২৩ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয় কোম্পানির আওতাধীন রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শন করেন। এ সময় তিনি প্রকল্পটির ট্রান্সমিশন লাইনের কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন। পাশাপাশি তিনি পিজিসিবি ২৩০/১৩২ কেভি খুলনা সাউথ সাবস্টেশনও পরিদর্শন করেন।



**রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ডসাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের কর্মকর্তাবৃন্দের সাথে প্রকল্পের অগ্রগতি বিষয়ক সভা**



**রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ডসাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শন**



**রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ডসাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর ট্রান্সমিশন লাইনের কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন**



**পিজিসিবি ২৩০/১৩২ কেভি খুলনা সাউথ সাবস্টেশন পরিদর্শন**



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সম্মানিত চেয়ারম্যান (গ্রেড ১) প্রকৌঃ মোঃ মাহবুবুর রহমান এর নিয়োগের মেয়াদ বৃদ্ধি পাওয়ায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয় কর্তৃক শুভেচ্ছা জ্ঞাপন

গত ০৬-০৫-২০২৩ খ্রিঃ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌ. এ. এম. খোরশেদুল আলম অবসর গ্রহণ করেন। কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে তিনি কোম্পানির কর্মকাণ্ড পরিচালন, প্রকল্প বাস্তবায়ন, পরিকল্পনা গ্রহণ, নীতি নির্ধারণ ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজে অসামান্য ভূমিকা পালন করায় কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষরে কোম্পানির ২০২৩ সালের ১১তম বোর্ডসভায় একটি ধন্যবাদজ্ঞাপন পত্রসহ স্মারক সম্বলিত একটি ক্রেস্ট হস্তান্তর করা হয়।





নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর নির্বাহী পরিচালক (অর্থ) হিসেবে ১৪ আগস্ট ২০২৩ ইং তারিখে যোগদান করায় জনাব এস. এম. হাবীবুর রহমান সিদ্দিককে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয় ফুলেল শুভেচ্ছাজ্ঞাপন করেন

# জাতীয় শোক দিবস ২০২৩

## এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে জাতীয় শোকদিবস ২০২৩ উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পক্ষ থেকে আজ ১৫ আগস্ট ২০২৩ তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষে ধানমন্ডি ৩২ নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গনে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ কাজী আবসার উদ্দীন আহমেদ মহোদয় এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র সমূহের পক্ষ থেকেও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপিত হয়।




**কর্পোরেট অফিসের পক্ষ থেকে ধানমন্ডি ৩২ নম্বরে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন**





**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র** **খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র**





ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র সমূহের পক্ষ থেকে জাতীয় শোকদিবস ২০২৩ উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন

# এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে জাতীয় শোকদিবস ২০২৩ উপলক্ষে সিএসআর কার্যক্রম উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে কোম্পানির CSR কার্যক্রমের আওতায় সিরাজগঞ্জ, খুলনা, ভেড়ামারা, মোল্লাহাট এলাকাসমূহে কর্মহীন, দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে। প্রতি প্যাকেটে কোম্পানির CSR ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত খাদ্য সামগ্রী ১০ কেজি চাল, ২ কেজি ডাল, ১ কেজি লবণ ও ১ লিটার সয়াবিন তেল বরাদ্দ ছিল।



**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র**



**খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র**



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র সমূহের পক্ষ থেকে জাতীয় শোকদিবস ২০২৩ উপলক্ষ্যে ত্রাণ ও খাবার বিতরণ

# সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট ১) পরিচালন ও সংরক্ষণ কার্যক্রম

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট ১) এ সম্প্রতি নিম্নোক্ত পরিচালন ও সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়:

১। **গ্যাস টার্বাইনের ৭ম মাইনর ইন্সপেকশন সম্পাদনঃ** LTSA চুক্তি অনুযায়ী সিরাজগঞ্জ ২২৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-১)-এর গ্যাস টার্বাইনের ৭ম মাইনর ইন্সপেকশন কাজটি গত ০৯/০৭/২০২৩ ইং হতে ১২/০৭/২০২৩ ইং তারিখের মধ্যে উৎপাদক প্রতিষ্ঠান, SIEMENS ENERGY কর্তৃক সফলভাবে সম্পন্ন হয়েছে। ইন্সপেকশন কাজের অংশ হিসেবে Air Intake & Exhaust Duct, Bearing Casing, Turbine & Compressor Rotor, Burner প্রভৃতির Visual Inspection সম্পন্ন করা হয়। এছাড়াও Static Excitation Equipment (SEE), Startup Frequency Converter (SFC), Generator Protection এবং Synchronization Devices প্রভৃতির Diagnosis এবং Analysis কাজ সম্পন্ন হয় এবং তদানুযায়ী প্রয়োজনীয় Troubleshooting করা হয়। কাজটি সম্পাদনকালে বিভিন্ন পজিশনের Crack repair এবং Air Intake Cone-এর recoating ছাড়া মেজর কোন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন পড়েনি। উল্লেখ্য, ইন্সপেকশন কাজ শেষে গ্যাস টার্বাইন চালু করা হয় এবং সকল অপারেটিং প্যারামিটার গ্রহণযোগ্য মাত্রার ভিতরে পাওয়া যায়।




চিত্র ১.১: IGV inspection



চিত্র ১.২: Burner Inspection



চিত্র ১.৩: Filter House inspection



চিত্র ১.৪: Inner casing inspection

২। গ্যাস টার্বাইনের ৭ম মাইনর ইন্সপেকশন কালীন আউটেজ কে সদ্ব্যবহারের লক্ষ্যে সিরাজগঞ্জ ২২৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-১)-এর নিজস্ব জনবলের মাধ্যমে ইউনিট টির গ্যাস টার্বাইন, HRSG এবং স্টিম টার্বাইনের বেশ কিছু ইন্সপেকশন ও মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে। যথাঃ

ক) **Condenser Circulating Water Pipeline-এর Metal Expansion Joint পরিবর্তনঃ** স্টিম টার্বাইনের ৪ টি Metal Expansion Joint রয়েছে যার মধ্যে ১ টি ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়েছে বিধায় নতুন একটি Expansion Joint দ্বারা তা replace করা হয়।



চিত্র ২.১: Metal Expansion Joint স্থাপন



চিত্র ২.২: Metal Expansion Joint-এর NDT সম্পাদন

খ) **বয়লার Feed Pump-এর Automatic Recirculation Valve (ARV) পরিবর্তনঃ** বয়লার Feed Pump-১ এবং ২ এর ARV-এ excessive leakage-এর দরুন Pump-দ্বয় পর্যাপ্ত Head develop করতে পারছিল না। উক্ত সমস্যা সমাধানে Pump-দ্বয়ে নতুন ARV স্থাপন করা হয়েছে।



চিত্র ২.৩: বয়লার Feed Pump



চিত্র ২.৪: ARV পরিবর্তন

গ) **স্টিম টার্বাইনের LP স্টেজের ব্লেড ও Inner Casing ইন্সপেকশনঃ** গ্যাস টার্বাইনের ৭ম MI চলাকালীন স্টিম টার্বাইনের LP স্টেজের ব্লেড ও Inner Casing ইন্সপেকশন কাজ করা হয়।

ঘ) **HRSG ইন্সপেকশন ও মেরামতঃ** গ্যাস টার্বাইনের ৭ম MI চলাকালীন HRSG-এর বেশ কিছু ইন্সপেকশন কাজ সম্পন্ন করা হয়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ HRSG Tube-এর physical condition ও

thickness measurement, Manhole-এর Gasket পরিবর্তন, Insulation repair এবং পেইন্টিং।



চিত্র ২.৭: Tube- এর Thickness measurement



চিত্র ২.৮: HRSG ইন্সপেকশন কালীন সম্মানিত ED (Engg.) মহোদয়




চিত্র ২.৯: HRSG-এর Borescope inspection




চিত্র ২.১০: Manhole-এ Gasket স্থাপন

# মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ কার্যক্রম

**তড়িৎ সংরক্ষণ বিভাগঃ**

১। ইঞ্জিন নং- ৫ এর Radiator VFD (Variable Frequency Drive) এর অর্ধবার্ষিক Schedule Maintenance কার্যক্রম এর আওতায় সকল Cooling Fan, Filter ও Heat Sink Inspection ও Cleaning করা হয়।



চিত্রঃ Radiator VFD এর H
Sink খোলার মুহূর্তে



চিত্রঃ Air Intake Filter Cleaning এর পূর্বে ও পরে

২। বিদ্যুৎ কেন্দ্রের ২ নং Alternator এর দ্বি-বার্ষিক Schedule Maintenance কার্যক্রম এর আওতায় Stator ও Rotor coil, Cooling system, Neutral Grounding Resistor (NGR) Panel এর visual inspection ও cleaning করা হয়। Air gap ও winding insulation resistance পরিমাপ করা হয়। Excitation system এর diode bridge, Automatic Voltage Regulator (AVR) unit, Permanent Magnet Generator (PMG) এর visual inspection ও cleaning করা হয়।




চিত্রঃ Excitation system এর diode bridge এর Visual Inspection কার্যক্রম



চিত্রঃ Alternator Stator Winding এর Insulation Resistance পরিমাপ কার্যক্রম



চিত্রঃ Stator Winding Cleaning এর পূর্বে ও পরে

৩। ইঞ্জিন নং-২ এর ৮০০০ ঘন্টার Schedule Maintenance কার্যক্রম এর আওতায় Control and monitoring system এর loose terminals, cable insulation wear, loose cable glands, electronic modules এর Physical damage, sensors, actuators, solenoids এর leakage Inspection এবং Safety sensor সমূহ check করা হয়।




চিত্রঃ Engine এর Charge Air Bypass Valve Actuator Check করা হচ্ছে



চিত্রঃ Engine এর Overspeed Trip Check করা হচ্ছে



চিত্রঃ Start Air Solenoid Valve Plunger Cleaning এর পূর্বে ও পরে



চিত্রঃ Engine এর sensor সমূহের connection tightness check করা হচ্ছে

৪। বিদ্যুৎ কেন্দ্রের Fire Detection System এর Schedule Maintenance কার্যক্রম এর আওতায় সকল Fire Detection Device প্রতি মাসে check করা হয়।



চিত্রঃ Manual Call Point Check করা হচ্ছে

৫। বিদ্যুৎ কেন্দ্রের ১২৫ ভোল্ট DC System এর বার্ষিক Schedule Maintenance কার্যক্রম এর আওতায় ব্যাটারীসমূহের Health Check করা হয়, Load Test পরিচালনা করা হয় ও সকল ব্যাটারীর Terminal connection tightness check ও clean করা হয়।



চিত্রঃ Battery System এর Terminal Box Clean করা হচ্ছে




চিত্রঃ Battery Monitoring System এর মাধ্যমে Battery Health Check করা হচ্ছে

# ‘কোম্পানি ডে ২০২৩’ উদযাপন



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর ১৬ বছর পূর্তি উপলক্ষে ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে কর্পোরেট অফিসে ‘কোম্পানি ডে ২০২৩’ আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোম্পানির প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌ. এ. এম. খোরশেদুল আলম। উক্ত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের নানান অর্জন ও ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আলোচনা হয়।

এছাড়া, অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ কাজী আবসার উদ্দীন আহমেদ কোম্পানির সুনাম ও সাফল্যের ধারাবাহিকতা ধরে রাখার জন্য সকলকে দৃঢ় প্রত্যয়ী হওয়ার আহবান জানান। কর্পোরেট অফিসের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের উপস্থিতিতে কেক কেটে ‘কোম্পানি ডে’ অনুষ্ঠানটি উদযাপিত হয়। কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনলাইনে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

# তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন

তথ্য অধিকার আইনের কার্যকর লক্ষ্যমাত্রা অর্জন নির্ভর করে সকল অংশীদার নাগরিক, সরকার, তথ্য কমিশন ও প্রতিষ্ঠানগুলোর সক্রিয় ভূমিকা ও অংশগ্রহণের মাধ্যমে। এ আইন প্রয়োগের মাধ্যমে সরকার জনগণকে তথ্য চাইতে উৎসাহিত করে। তাই কী প্রক্রিয়ায় তথ্য চাইতে হয় সেজন্য সচেতনতা গড়ে তোলা অপরিহার্য।

পাশাপাশি আইনের বাস্তবায়নের ক্ষেত্রে সরকার, সুশীল সমাজ, বেসরকারি সংগঠন এবং গণমাধ্যমকে সমন্বিত উদ্যোগ নেওয়ার মধ্য দিয়ে এগিয়ে আসতে হবে। তথ্য অধিকার আইনের একটি শক্তিশালী বিধান হলো, সরকারি কর্তৃপক্ষগুলো সর্বোচ্চ পরিমাণ তথ্য জনসমক্ষে প্রকাশ করবে স্বতঃপ্রণোদিতভাবে। অর্থাৎ নাগরিক বা সাংবাদিকদের চাওয়ার অপেক্ষায় না থেকে সরকারি কর্তৃপক্ষগুলো নিজ নিজ দপ্তরের কাজকর্ম–সম্পর্কিত অধিকাংশ তথ্য নিজ নিজ ওয়েবসাইটে এবং অন্যান্য মাধ্যমে জনসমক্ষে প্রকাশ করবে এবং নাগরিকদের তরফ থেকে যেকোনো তথ্যের চাহিদা মেটানোর জন্য আন্তরিকভাবে প্রস্তুত থাকবে; জনগণের প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানাবে না; বরং প্রশ্নের উত্তরের পাশাপাশি আনুষঙ্গিক আরও তথ্য-উপাত্ত সরবরাহ করবে। সকল পর্যায়ের মানুষের মধ্যে তথ্য অধিকার আইনের মর্মকথা সঠিকভাবে উপলব্ধির নিমিত্ত তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সরকারের লক্ষ্য হলো তথ্যের মালিক যে জনগণ তা নিশ্চিত করা এবং তথ্য গোপন রাখার অধিকার যে সরকারের কোনো কর্তৃপক্ষের নেই, এ বিষয় সচেতনতা তৈরি করা। এ প্রেক্ষিতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড জনগণের নিকট তথ্য সরবরাহে বদ্ধ পরিকর এবং তথ্য যে মানুষের অধিকার সে বিষয়ে জনচেতনতা সৃষ্টির লক্ষ্যে কর্মশালা আয়োজন করা হয়।



কোম্পানির ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কোম্পানি সচিবালয়ের ওপর ন্যস্ত রয়েছে। এ প্রেক্ষিতে, কোম্পানি সচিবালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য সরবরাহের বাধ্যবাধকতা বিষয়ে অবহিত করণ এবং জনসাধারণের তথ্য পাওয়ার অধিকারের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কোম্পানি সচিবালয় কর্তৃক স্টেকহোল্ডার ও নানান স্তরের কর্মকর্তাবৃন্দের জন্য গত ১৭ আগস্ট ২০২৩ তারিখে একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় তথ্য অধিকার আইন অনুসারে তথ্য প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব ও কর্তব্য সমূহ সকলের সামনে তুলে ধরা হয়। এ কর্মশালায় কোম্পানির নানান স্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। উল্লেখ্য, বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণ অনলাইন ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আলোচ্য কর্মশালায় অংশগ্রহণ করেন।

এনডব্লিউপিজিসিএল বার্তায় জুলাই-সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে আমরা ভবিষ্যতেও ‘এনডব্লিউপিজিসিএল বার্তা’ প্রকাশ করব।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।